*Total number of pages – 12*

**29T MBEN**

# 2019

# BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

**(NEW & OLD COURSE)**

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

**GROUP–A (NEW COURSE)**
**Page Nos. 1 – 6 Q. Nos. 1 – 11**

**GROUP–B (OLD COURSE)**
**Page Nos. 7 – 11 Q. Nos. 1 – 10**

**NEW COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | 1×2=2 |
| *Q. No. 2 carries 1 mark each* | | 1×9=9 |
| *Q. No. 3 carries 2½ marks each* | | 2½×2=5 |
| *Q. No. 4 carries 3 marks each* | | 3×2=6 |
| *Q. No. 5 carries 3 marks each* | | 3×4=12 |
| *Q. No. 6 carries 3 marks each* | | 3×3=9 |
| *Q. No. 7 (a+b) carries 4 marks each* | | 4×2=8 |
| *Q. No. 8 (a+b) carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 9 carries the following marks* | | |
| | *(a)* | 1×5=5 |
| | *(b)* | 1×5=5 |
| *Q. No. 10 carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 2×4=8 |
| | *(c)* | 3×2=6 |
| | *(d)* | 1×2=2 |
| *Q. No. 11 carries 10 marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

**OLD COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | 1×2=2 |
| *Q. No. 2 carries 1 mark each* | | 1×8=8 |
| *Q. No. 3 carries 2 marks each* | | 2×2=4 |
| *Q. No. 4 carries 3 marks each* | | 3×3=9 |
| *Q. No. 5 carries 3 marks each* | | 3×2=6 |
| *Q. No. 6 carries 4 marks each* | | 4×2=8 |
| *Q. No. 7 (a+b) carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 8 (a+b) carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 9 carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 3×2=6 |
| | *(c)* | 1×4=4 |
| | *(d)* | 2×2=4 |
| | *(e)* | 1×2=2 |
| *Q. No. 10 carries 15 marks* | | 1×15=15 |
| *Q. No. 11 carries 10 marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

GET IT ON Google Play
Install Now
AHSEC Question Paper Arts Stream HS 2nd Year ASSAM
HS Arts Question Paper
BELLAL HOSSAIN MONDAL©

## GROUP–A

### (For New Course)

১। অর্থ লেখো ঃ (ক) কণ্টক *অথবা* অকস্মাৎ ১

(খ) অর্বাচীন *অথবা* জীবিকা ১

BELLAL HOSSAIN MONDAL

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৯=৯

(ক) গোবিন্দদাসকে কী উপাধি দেওয়া হয়েছিল ?

(খ) 'অন্নদার আত্মপরিচয়' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত ?

(গ) 'বঙ্গভাষা' কবিতাটির কবির নাম কী ?

(ঘ) 'ফুলের বিবাহ' শীর্ষক পাঠটি কোন গ্রন্থের অন্তর্গত ?

(ঙ) আমাদের বাড়ির সাহায্যে _________ বলিয়া একটি মেলা সৃষ্ট হইয়াছিল।

*(শূন্যস্থান পূর্ণ করো)*

(চ) 'মোর জীবন সোঁঅরণ' গ্রন্থটির অনুবাদক কে ?

(ছ) 'দিবসের শেষে' ছোটগল্পটির লেখক কে ?

(জ) কৈশোরকাল শিশুবিকাশের কোন স্তর ?

(ঝ) কত সালে জাতীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ চুরাশি প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছে ?

৩। সংক্ষেপে লেখো ঃ ২$\frac{১}{২}$+২$\frac{১}{২}$=৫

(ক) শিবসাগরকে 'মাছধরা জায়গা' বলা হত কেন ?

(খ) 'হাতীর বাচ্চাটি দেখতে চমৎকার' — 'হাতীর বাচ্চাটি'র বর্ণনা দাও।

৪। টীকা লেখো ঃ ৩+৩=৬

(ক) পাটনি *অথবা* বাউল

(খ) দিসাং নদী *অথবা* জ্যোতিদাদা

BELLAL HOSSAIN MONDAL

৫। ***যে কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৪=১২

(ক) হীরু দত্ত গ্রামের লোকদের কাছে কী প্রতিজ্ঞা করেছিলেন এবং সেই প্রতিজ্ঞানুসারে তিনি কী করেছিলেন ?

(খ) শিবসাগরকে শেষ পর্যন্ত লেখকের পছন্দ হয়েছিল কেন ?

(গ) কার উদ্যোগে রবীন্দ্রনাথদের সভা গঠিত হয়েছিল ? এটি কিসের সভা ? এই সভার সভাপতি কে ছিলেন ?

(ঘ) 'ফুলের বিবাহ' গদ্যাংশটির লেখক কে ? ফুলের বিবাহ কোন মাসের কত তারিখে সম্পন্ন হয়েছিল ?

(ঙ) "ছেলের আমার এতক্ষণে হাসি ফুটেছে।" — উক্তিটি কোন পাঠ থেকে নেওয়া হয়েছে ? বক্তা কে ? ছেলের মুখে হাসি ফোটবার কারণ কী ?

৬। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) গোবিন্দদাস কোথায় জন্ম গ্রহণ করেছিলেন। তাঁর পিতা ও পিতামহের নাম লেখো।

(খ) "অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।
কোন গুণ নাহি তাঁর কপালে আগুন॥"
— পঙ্‌ক্তি দুটিতে দ্ব্যর্থবোধক ভাষায় যে কথা বলা হয়েছে তা স্পষ্ট করো।

(গ) রাজাধিরাজ রথ থেকে পথের দুধারে কী ছড়িয়ে দেবেন এবং তা নিয়ে ভিখারি কী করবেন বলে ভেবেছিলেন ?

(ঘ) 'কুলিমজুর' কবিতায় পাহাড় ভাঙার জন্য কোন কোন হাতিয়ার ব্যবহারের কথা বলা হয়েছে ?

৭। উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) কৈশোরকালের *যে কোনো দুটি* বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

"আত্মনির্ভরশীলতা, আত্মসম্মান বোধ ও নিজস্বতার সংঘাত" কৈশোরকালের অন্যতম বৈশিষ্ট্য — আলোচনা করো।

(খ) মূল্যবোধ শিক্ষা কি তোমার আবশ্যক বলে মনে হয় ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

*অথবা*

*যে কোনো দুটি* মূল্যবোধ সম্পর্কে বিস্তারিত আলোচনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৪+৫=৯

(ক) 'আমার সন্তান যেন থাকে দুধে ভাতে'।

*অথবা*

'একের অসম্মান
নিখিল মানব জাতির লজ্জা —
সকলের অপমান!'

BELLAL HOSSAIN MONDAL

(খ) "যাঁহারা ভীরু তাঁহারাই বহু ব্যর্থ সাধনা ও মৃত্যুভয়ে পরাঙ্মুখ হইয়া থাকেন। বীর পুরুষেরাই নির্ভীক চিত্তে মৃত্যুভয়ের অতীত হইতে সমর্থ হন।"

***অথবা***

"তাহলে আর টাকার দরকার হবে না পোদ্দার। গয়নাগুলো তুমি ফেরত দিয়া যাও।"

৯। ক-অংশ ও খ-অংশ থেকে ***একটি*** করে প্রশ্নের উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) 'অন্নদার আত্মপরিচয়' কবিতাটিতে তৎকালীন সমাজের যে ছবি ফুটে উঠেছে তা নিজের ভাষায় বর্ণনা করো।

***অথবা***

'বঙ্গভাষা' কবিতায় কবির আত্ম-অনুশোচনার কারণ নির্দেশ করো।

(খ) উচ্ছবের খিদের বর্ণনাই 'ভাত' গল্পের মূল বিষয়। — আলোচনা করো।

***অথবা***

'গণেশ জননী' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

BELLAL HOSSAIN MONDAL

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) নিচের ***যে কোনো চারটি*** প্রবাদ-প্রবচনের অর্থ লেখো ঃ ১×৪=৪

গঙ্গাজলে গঙ্গা পূজা, জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ, ঝোপ বুঝে কোপ মারা, ছাই ফেলতে ভাঙা কুলো, উলুবনে মুক্তা ছড়ানো।

(খ) নিচের ***যে কোনো চারটি*** বাগ্‌বিধির অর্থ লেখো ও বাক্যরচনা করো ঃ ২×৪=৮

গোবর গণেশ, ইচঁড়ে পাকা, অন্ধের যষ্ঠি, অরণ্যে রোদন, চোখের বালি, তীর্থের কাক।

(গ) নিচের ***যে কোনো তিনটির*** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ২×৩=৬

গুরুশিষ্য, উপকূল, পঞ্চবটী, ঘরজামাই, দশানন।

(ঘ) নিচের ***যে কোনো দুটি*** শব্দের *দুটি* করে প্রতিশব্দ লেখো ঃ ১+১=২

অশ্ব, আকাশ, চন্দ্র, পক্ষী।


১১। ***যে কোনো একটি*** বিষয়ে রচনা লেখো ঃ ১০

(ক) অসমের কুটির শিল্প

(খ) তোমার প্রিয় কবি

(গ) দৈনন্দিন জীবনে বিজ্ঞানের প্রভাব।

(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার।



——— × ———

BELLAL HOSSAIN MONDAL

## GROUP–B

### (For Old Course)

১। অর্থ লেখো ঃ (ক) নির্বাসন *অথবা* পদরজ  ১+১=২

(খ) লাঙ্গুল *অথবা* ভদ্রাসন

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ  ১×৮=৮

(ক) 'দুর্ভাগা দেশ' কবিতাটি কার লেখা ?

(খ) জনম কালো, মরণ কালো _____ ভুবনময় ;
*(শূন্যস্থান পূর্ণ করো)*

(গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত ?

(ঘ) 'বিড়াল' গদ্যাংশটির লেখক কে ?

(ঙ) গুরুচরণের ছেলের নাম কী ?

(চ) পল্টুর পিতার নাম কী ছিল ?

(ছ) ১৯৭৯ সালের রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছেন ?

(জ) কৈশোরকাল শিশুবিকাশের কোন্ স্তর ?

৩। টীকা লেখো ঃ  ২+২=৪

(ক) ত্রিপিটক *অথবা* চম্পা

(খ) মঙ্গলা *অথবা* চার্বাক দর্শন।

BELLAL HOSSAIN MONDAL

৪। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩× ৩=৯

(ক) "অধর্ম চোরের নহে
—চোরে যে চুরি করে, সে অধর্ম কৃপণ-ধনীর।" — উক্তিটি কার ? কোন প্রসঙ্গে এই উক্তিটি করা হয়েছে ?

(খ) হরিচরণের স্বার্থপরতার পরিচয় দাও।

(গ) কাকদন্ত গবেষণা কাকে বলে ?

(ঘ) 'মানুষের মন' গল্পের নরেশ ও পরেশের চেহারার বর্ণনা দাও।

৫। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩× ২=৬

(ক) 'মানুষের নারায়ণে' বলে কবি কী বোঝাতে চেয়েছেন ? — সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় উল্লেখ আছে এমন *তিনটি* গাছের নাম উল্লেখ করো।

(গ) 'যদিও রূপা নয়কো রূপাই
— রূপার চেয়ে দামী'
— কবি এখানে কার কথা বলেছেন ? সংক্ষেপে তার চরিত্র বর্ণনা করো।

৬। **ক-অংশ** থেকে *একটি* এবং **খ-অংশ** থেকে *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪× ২=৮

(ক) তোমার পাঠে উল্লিখিত *যে কোনো দুটি* মূল্যবোধ সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

মূল্যবোধ শিক্ষা আমাদের কী প্রয়োজন সাধন করে ? — আলোচনা করো।

(খ) জীবনের কোন সময়কে কৈশোরকাল বলা হয় ? এই বয়সের সময়সীমা উল্লেখ করে বৈশিষ্ট্যগুলি লেখো।

*অথবা*

কৈশোরকালের শারীরিক বিকাশ ও বৌদ্ধিক বিকাশের বিষয়ে আলোচনা করো।



BELLAL HOSSAIN MONDAL

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৪+৫=৯

(ক) "আপনারে বেঁধে রাখো চৌদিকে জড়ায়ে অভিমান
মৃত্যুমাঝে হবে তবে চিতাভস্মে সবার সমান॥"


*অথবা*

"বাংলার মুখ আমি দেখিয়াছি,
তাই আমি পৃথিবীর রূপ
খুঁজিতে যাই না আরঃ"

(খ) "আমি চুরিই করি, আর যাই করি, আমি তোমার ধর্ম সঞ্চয়ের মূলীভূত কারণ"।

*অথবা*

এদেশের অতি উচ্চশিক্ষিত লোকের মধ্যে ফলিত জ্যোতিষ আর মাদুলি কবচে অগাধ বিশ্বাস দেখা যায়।



৮। উত্তর লেখো ঃ ৪+৫=৯

(ক) 'দুর্ভাগা দেশ' কবিতায় কবির সমাজ চিন্তার যে পরিচয় পাওয়া যায়, তা তোমার নিজের ভাষায় লেখো।

*অথবা*

'মসজিদ এই, মন্দির এই, গির্জা এই হৃদয়,
এইখানে বসে ঈসা মুসা পেল সত্যের পরিচয়।

— তাৎপর্য আলোচনা করো।

BELLAL HOSSAIN MONDAL

(খ) বৈজ্ঞানিক বুদ্ধি বলতে লেখক কী বুঝিয়েছেন ? লেখকের মতে অবিজ্ঞানীর সঙ্গে বিজ্ঞানবিদদের পার্থক্য কী ?

*অথবা*

'মানুষের মন' গল্পের নামকরণের সার্থকতা বিচার কর।

৯। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) সূত্র নির্দেশ করে ***যে কোনো চারটির*** সন্ধি বিচ্ছেদ করো ঃ ১× ৪=৪

শশাঙ্ক, কথামৃত, গিরীন্দ্র, কটূক্তি, দেবেন্দ্র, হিতোপদেশ।

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ***(যে কোনো তিনটি)*** ২× ৩=৬

রবিশশী, দুর্ভিক্ষ, সিংহাসন, দশানন, বীণাপাণি, লাঠিখেলা।

(গ) ***যে কোনো চারটির*** প্রত্যয় নির্ণয় করো ঃ ১× ৪=৪

নাচন, খেলনা, মিঠাই, কানাই, জ্বলন্ত, ভিখারী, ছাতি।

(ঘ) নিচের ***যে কোনো দুটি*** বাগ্‌বিধির অর্থ লেখো ও বাক্য রচনা করো ঃ ২× ২=৪

অগস্ত্য যাত্রা, অমাবস্যার চাঁদ, আষাঢ়ে গল্প, তীর্থের কাক।

(ঙ) নিচের ***যে কোনো দুটি*** প্রবাদের অর্থ লেখো ঃ ১× ২=২

ধান ভানতে শিবের গীত, সেয়ানে সেয়ানে কোলাকুলি, গাছে কাঁঠাল গোঁফে তেল, পাকা ধানে মই দেওয়া।

BELLAL HOSSAIN MONDAL

১০। ***যে কোনো একটি*** বিষয় অবলম্বনে রচনা লেখো ঃ ১৫

(ক) যুব সমাজ ও অপ-সংস্কৃতি

(খ) তোমার প্রিয় গ্রন্থ

(গ) মানব সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞানের দান

(ঘ) অসমের প্রাকৃতিক সম্পদ।

১১। সারাংশ লেখো ঃ ১০

আমরা আমাদের মহৎ ব্যক্তিদিগকে দেবলোকে নির্বাসিত করিয়া দিই। তাহাতে আমাদের মনুষ্যলোক দরিদ্র ও গৌরবহীন হইয়া যায়। কিন্তু তাঁহারা যদি রক্তমাংসের মনুষ্য রূপে সুনির্দিষ্ট পরিচিত হন, সহস্র ভালোমন্দের মধ্যেও যদি তাঁহাদিগকে মহৎ বলিয়া জানিতে পারি তবেই তাঁহাদের মনুষ্যত্বের অন্তর্নিহিত সেই মনুষ্যত্বটুকু আমরা যথার্থ অন্তরের সহিত গ্রহণ করিতে পারি, তাঁহাকে ভালবাসি এবং বিস্মৃত হই না।

*অথবা*

বিপদে মোরে রক্ষা করো এ নহে মোর প্রার্থনা—
বিপদে আমি না যেন করি ভয়।
দুঃখতাপে ব্যথিত চিতে নাই-বা দিলে সান্ত্বনা,
দুঃখে যেন করিতে পারি জয়॥
সহায় মোর না যদি জুটে নিজের বল না যেন টুটে,
সংসারেতে ঘটিলে ক্ষতি, লভিলে শুধু বঞ্চনা
নিজের মনে না যেন মানি ক্ষয়।

——— × ———

BELLAL HOSSAIN MONDAL